জরুরী
ই-মেইল/ডাকযোগে

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর**
**১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা**
www.dncrp.gov.bd

নং ২৬.০৪.০০০০.১০৮.২৩.২২০.১৮. ৮৫৬ — তারিখঃ ১৭ সেপ্টেম্বর ২০১৮

**বিষয়ঃ আগামী ৪-৬ অক্টোবর ২০১৮ সময়ে অনুষ্ঠিতব্য উন্নয়ন মেলায় অংশগ্রহণ।**

সূত্র: (১) বাণিজ্য মন্ত্রণালয়ের ১২ সেপ্টেম্বর ২০১৮ তারিখের ২৬.০০.০০০০.০৮৮.০৮৬.০২২.১৭/১৪২ নম্বর পত্র।
(২) বাণিজ্য মন্ত্রণালয়ের ২৬ জুলাই ২০১৮ তারিখে অনুষ্ঠিত উন্নয়ন মেলা সংক্রান্ত সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ অধিদপ্তরের সার্বিক কার্যক্রম সম্পর্কে জনসাধারণকে অবহিতকরণ, মেলায় অভিযোগ বক্স স্থাপনের মাধ্যমে অভিযোগগ্রহণ ও প্রতিকার প্রদান এবং এ অধিদপ্তরের সাফল্য তথ্য চিত্র উপস্থাপনের লক্ষ্যে সকল জেলায় আগামী ৪-৬ অক্টোবর ২০১৮ তারিখে অনুষ্ঠিতব্য জেলা প্রশাসনের উদ্যোগে আয়োজিত উন্নয়ন মেলায় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের জেলা কার্যালয়ের অংশগ্রহণ আবশ্যক। বাণিজ্য মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সকল স্টল একই জায়গায় বরাদ্দ পাওয়ার লক্ষ্যে ইতোমধ্যে বাণিজ্য মন্ত্রণালয় হতে সকল জেলা প্রশাসকগণকে অনুরোধ করা হয়েছে।

০২। মেলায় অংশগ্রহণের যাবতীয় ব্যয় (বিল/ভাউচার দাখিলের ভিত্তিতে) অধিদপ্তরের পরিষদ তহবিল হতে নির্বাহ করা হবে।

০৩। এমতাবস্থায়, স্থানীয় জেলা প্রশাসনের সাথে যোগাযোগক্রমে আপনার জেলায় ৪-৬ অক্টোবর ২০১৮ তারিখে অনুষ্ঠিতব্য উন্নয়ন মেলায় অংশগ্রহণ নিশ্চিতপূর্বক মেলা শেষে একটি প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

০৪। বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।

সংযুক্তি: বর্ণনামতে ০২ (দুই) পৃষ্ঠা।

(মোঃ শফিকুল ইসলাম লস্কর)
মহাপরিচালক
ফোনঃ ৮১৮৯৪২৬
ই-মেইলঃ dg@dncrp.gov.bd

সহকারী পরিচালক
................................জেলা কার্যালয়
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর..........................।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ফরেন ট্রেড ইনস্টিটিউট (বিএফটিআই), টিসিবি ভবন, ১ কারওয়ান বাজার, ঢাকা।
০২। চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ড, ১৭১-১৭২ বায়োজিদ বোস্তামী রোড, নাসিরাবাদ, চট্টগ্রাম।
০৩। ভাইস চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি), টিসিবি ভবন, ১ কারওয়ান বাজার, ঢাকা।
০৪। প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রিড়া পরিষদ ভবন, ৬২/৩ পুরানা পল্টন, ঢাকা।
০৫। নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, টিসিবি ভবন, ১ কারওয়ান বাজার, ঢাকা।
০৬। চেয়ারম্যান, ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি), টিসিবি ভবন, ১ কারওয়ান বাজার, ঢাকা।
০৭। পরিচালক (কার্যক্রম ও গবেষণাগার), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
০৮। জেলা প্রশাসক (সকল), .......................... ।
০৯। উপপরিচালক (সকল), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর.......................... বিভাগীয় কার্যালয়।
(স্ব স্ব অধিক্ষেত্রাধীন জেলাসমূহে অনুষ্ঠিতব্য উন্নয়ন মেলায় কার্যকর অংশগ্রহণ নিশ্চিত করার অনুরোধসহ)।
১০। অতিরিক্ত সচিব (প্রশাসন-১) এর ব্যক্তিগত কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব (প্রশাসন-১) মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
প্রশাসন-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mincom.gov.bd

নং ২৬.০০.০০০০.০৮৮.৮৬.০২২.১৭/ ৩৪২ তারিখঃ ১২-০৯-২০১৮

বিষয়: আগামী ৪-৬ অক্টোবর ২০১৮ সময়ে অনুষ্ঠিতব্য উন্নয়ন মেলায় অংশগ্রহণ প্রসংগে।

আগামী ৪-৬ অক্টোবর ২০১৮ সময়ে অনুষ্ঠিতব্য উন্নয়ন মেলায় বাণিজ্য মন্ত্রণালয়ের অধিনস্থ সকল দপ্তর/অধিদপ্তর/সংস্থার অংশগ্রহনের বিষয়ে গত ২৬ জুলাই ২০১৮ তারিখে বাণিজ্য সচিবের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের আলোকে স্ব স্ব জেলায় আসন্ন উন্নয়ন মেলায় অংশগ্রহণের বিষয়ে জেলা পর্যায়ে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সাথে যোগাযোগের মাধ্যমে মেলার মূল প্রতিপাদ্য (Theme) ও বাস্তবায়ন পদ্ধতি নির্ধারণপূর্বক বাণিজ্য মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১২/৯/১৮
(নাজমুল হক)
সহকারী সচিব
ফোন-৯৫৪৬৬২৫

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ফরেন ট্রেড ইনস্টিটিউট (বিএফটিআই), টিসিবি ভবন, ১ কাওরান বাজার, ঢাকা।
০২। চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ড, ১৭১-১৭২ বায়েজিদ বোস্তামী রোড, নাসিরাবাদ, চট্টগ্রাম।
০৩। ভাইস চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি), টিসিবি ভবন, ১ কাওরান বাজার, ঢাকা।
০৪। মহা-পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, টিসিবি ভবন, ১ কাওরান বাজার, ঢাকা।
০৫। প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন, ৬২/৩ পুরানা পল্টন, ঢাকা।
০৬। নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, টিসিবি ভবন, ১ কাওরান বাজার, ঢাকা।
০৭। চেয়ারম্যান, ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি), টিসিবি ভবন, ১ কাওরান বাজার, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

০১। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
প্রশাসন-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

## আগামী ৪-৬ অক্টোবর ২০১৮ সময়ে অনুষ্ঠিতব্য উন্নয়ন মেলায় বাণিজ্য মন্ত্রণালয় ও এর আওতাধীন প্রতিষ্ঠানসমূহের অংশগ্রহনের বিষয়ে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরনী

| | |
|---|---|
| সভাপতি | জনাব শুভাশীষ বসু, সচিব |
| সভার তারিখ | ২৬ জুলাই ২০১৮ |
| সভার সময় | সকাল ১১-০০ ঘটিকা |
| সভার স্থান | বাণিজ্য মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |

উপস্থিত কর্মকর্তাবৃন্দঃ পরিশিষ্ট- ক (স্বাক্ষরের ক্রমানুসারে)

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি কর্তৃক সভায় উপস্থিত সকলকে আসন্ন উন্নয়ন মেলায় অংশগ্রহনপূর্বক বাণিজ্য মন্ত্রণালয়ের বিগত ১০ বছরের অর্জন সফলভাবে উপস্থাপনের বিষয়ে দিক নির্দেশনা প্রদান করা হয়। সভায় গত বছরের উন্নয়ন মেলার বিষয়ে কয়েকজন অতিরিক্ত সচিব তাদের অভিজ্ঞতা বর্ণনা করেন। অতিরিক্ত সচিব (প্রশাসন-১) গত বছর উন্নয়ন মেলায় বাণিজ্য মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থার অংশগ্রহনে গৃহীত কার্যক্রম উপস্থাপন করেন। অতঃপর বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতভাবে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়:

(১) বাণিজ্য মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিষ্ঠানসূমূহের মধ্যে বাণিজ্য মন্ত্রণালয়, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর (ডিএনসিআরপি), রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি), ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি), বাংলাদেশ চা বোর্ড, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তর (সিসিআইএন্ডই), যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর (আরজেএসসি) ও বাংলাদেশ ফরেন ট্রেড ইনষ্টিটিউট (বিএফটিআই) আগামী উন্নয়ন মেলায় অংশগ্রহন করবে.

(২) বাণিজ্য মন্ত্রণালয়ের ব্যানারে এক ছাতার নীচে স্ব স্ব প্রতিষ্ঠানের নামে বর্ণিত দপ্তর/সংস্থা উন্নয়ন মেলায় অংশগ্রহণ করবে। বাণিজ্য মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সকল স্টল একই জায়গায় বরাদ্দ পাওয়ার লক্ষ্যে মন্ত্রণালয় থেকে জেলা প্রশাসকগণকে অনুরোধ করতে হবে।

(৩) ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সকল জেলায় কার্যালয় থাকায় মহাপরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ভাইস চেয়ারম্যান, ইপিবি এবং চেয়ারম্যান, টিসিবি পরস্পরের মধ্যে সমন্বয়পূর্বক বাণিজ্য মন্ত্রণালয়ের সকল দপ্তর/সংস্থার জেলা পর্যায়ের উন্নয়ন মেলায় অংশগ্রহণ নিশ্চিত করবেন।

(৪) দপ্তর/সংস্থা উন্নয়ন মেলায় অংশগ্রহণের স্ব স্ব পরিকল্পনা প্রণয়ন করবে। পরিকল্পনায় কোন্ কোন্ অফিস কোন্ কোন শহরের মেলায় অংশগ্রহণ করবে তা নির্ধারণ করবে। কোন জেলায় কোন দপ্তর/সংস্থার অফিস/কর্মকর্তা না থাকলে পার্শ্ববর্তী জেলার অফিস কর্তৃক মেলায় অংশগ্রহণ করতে হবে।

(৫) দপ্তর/সংস্থার অফিসসমূহ উন্নয়ন মেলায় কি কি বিষয় উপস্থাপন করবে এবং কিভাবে করবে তার Theme উল্লেখপূর্বক একটা সংক্ষিপ্ত বিবরণ প্রস্তুত করতে হবে এবং আগামী ১০ আগষ্ট ২০১৮ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রশাসন-৩ শাখা প্রেরণ করতে হবে।

(৬) মেলা অনুষ্ঠানের জন্য বাজেটের প্রয়োজন হলে অর্থ মন্ত্রণালয়কে অনুরোধ করা যেতে পারে।

২। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে, সভার কাজ সমাপ্ত করা হয়।

৩১/০৭/২০১৮

( শুভাশীষ বসু )
সচিব